

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৭৬ নং তাল-একতালা

হরিচাঁদের জ্যোতি দিবারাতি সদা আমার হৃদয় দোলে।

ভরে গেছে হৃদয় আকাশ ফুটল তারা চাঁদের কোলে ॥

১। কালো মেঘে আকাশ ভরা আঁধারেতে ছিল ঘেরা।

বৃষ্টি বর্ষে মুষলধারা, প্লাবন হ'লো ধরাতলে ॥

২। হরিচাঁদের প্রেম-বাতাসে, কালো মেঘ সব উড়ে গেছে।

আর মনে কি শঙ্কা আছে, প্রাণ জুড়ালো প্রেম-হিল্লোলে ॥

৩। যোল কলায় পূর্ণ হৃদয়, লক্ষ তারা এল ধরায়।

গোলোকচাঁদ তাই ডেকে বলে, আঁধার গেছে দূরে চলে ॥

৪। অশ্বিনী তুই এই সকালে, হরি বলে, ঘরের বাহির আয় চলে।

ডেকে বলে তারকচন্দ্র উদয় আমার হরিচন্দ্র,

অশ্বিনী তুই ছেড়ে সন্দ, হরি বলে আয় চলে ॥